



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস)



...

সভাপতি ড. মহঃ শের আলী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ ২২.০৬.২০২১ খ্রি.
সভার সময় বিকাল ০৪:০০ ঘটিকা
স্থান অনলাইন জুম প্লাটফর্ম
উপস্থিতি পরিশিষ্ট-ক

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) বিষয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র সেবাগ্রহীতা বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি), বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (বিপিআই), বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এবং বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী (বাপেক্স) এর প্রতিনিধিদের সাথে জুম প্লাটফর্মে অনুষ্ঠিত অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জিএসবি'র অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) এর অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) জনাব আক্তারুল আহসান, উপ-পরিচালক (ভূতত্ত্ব) সকলকে অবহিত করেন সিটিজেন চার্টারে দেয়া জিএসবি'র যে কোন সেবা দানে ব্যর্থতা, সেবায় বিলম্ব, সেবার মানে অসন্তুষ্ট হয়ে জিএসবি'র যে কোন সেবা গ্রহীতা অনলাইনে বা অফলাইনে অভিযোগ করতে পারেন। তবে এ পর্যন্ত জিএসবি'র কোন অংশীজন/সেবা গ্রহীতা বা নাগরিক জিএসবি'র সেবা বিষয়ে কোন অভিযোগ করেনি। স্বল্প সময়ে যে কোন অভিযোগের তদন্ত ও উপযুক্ত ব্যবস্থা নেয়ার ব্যাপারে জিএসবি'র অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) অঙ্গীকারবদ্ধ। এ পর্যায়ে সভাপতি জিএসবি হতে সেবা পেতে কোন সমস্যা হচ্ছে কিনা এ বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের মতামত জানতে চান।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (বিপিআই)'র জনাব কানিজ ফাতেমা, সহকারী পরিচালক জানান জিএসবি হতে তাদের চাহিদাকৃত তথ্য-উপাত্ত এবং অন্যান্য আনুষঙ্গিক সেবাসমূহ যথাসময়ে পাওয়া যায়, কোন বিলম্ব হয়না।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)'র জনাব রিয়াজ রহমান, উপ-পরিচালক জানান তিনি জিএসবি'র ওয়েব সাইটে সিটিজেন চার্টার ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে দেখেছেন এবং এ ব্যাপারে সকল তথ্য যথাযথ ভাবে দেয়া আছে বলে তিনি জিএসবি-কে সাধুবাদ জানান। জনাব রিয়াজ জানান, জিএসবি'র সেবার ব্যাপারে বিপিসি'র কোন আপত্তি নেই এবং তিনি জিএসবি'কে বিপিসি'র যেকোন সেবা দানে আন্তরিক সহযোগিতার অঙ্গীকার করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সিদ্ধান্ত
জিএসবি'র সেবা প্রদান বিষয়ে সেবা গ্রহীতা এবং অংশীজনদের মধ্যে সেবা প্রদানের বিষয়ে কোন আপত্তি না থাকায় নিজেদের মধ্যে সেবাদান ও সহযোগিতার চলমান পারস্পরিক সুসম্পর্ক বজায় রাখতে হবে।

ড. মহঃ শের আলী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.২০০.২৭.০০১.২১.১০

তারিখ: ১২ আষাঢ়, ১৪২৮

২৬ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) জিএসবি'র শাখা প্রধানগণ

২) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (ওয়েব সাইটে আপলোডের অনুরোধে)

৩) উপ-পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৪) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৫) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-২, অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৬) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২, উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (ওয়েব সাইটে আপলোডের অনুরোধে)

৭) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

আব্দুল আহসান

উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১